ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩২৭১

আগরতলা,১৬ অক্টোবর,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'নিয়োগ বাতিলের পরও ফি ফেরত নয়' এই শিরোনামে গত ১০ অক্টোবর, ২০২৫ ইং তারিখে প্রতিবাদী কলমে প্রকাশিত সংবাদ জাতীয় স্বাস্থ্য মিশন ত্রিপুরা, স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে।

জাতীয় স্বাস্থ্য মিশন, ত্রিপুরা থেকে Dy. Director (Finance) পদের জন্য SoFED NHM-এর অন্যান্য পদগুলির সঙ্গে এই পদটিও নিয়োগ বিজ্ঞপ্তি নম্বর- 01/2025-26, তারিখ ০৮-০৫-২০২৫ এর মাধ্যমে বিজ্ঞপ্তি জারি করে, যেখানে Dy. Director (Finance) পদটি ক্রমিক নম্বর ৯০-তে ছিল।

এই সময়ে, জাতীয় স্বাস্থ্য মিশন ত্রিপুরা তাদের চিঠি নম্বর NO.F.3(5-4245)/FWPM/SHFWS/Recruitment/2022/6696-6702, তারিখ- ৩০-০৮-২০২৫ এর মাধ্যমে Dy. Director (Finance), ক্রমিক নম্বর ৯০-এর জন্য চলতি নিয়োগ প্রক্রিয়া বাতিল করার অনুরোধ করে।

তদনুসারে, SoFED বাতিলের বিজ্ঞপ্তি নম্বর 4214, তারিখ ০৪-০৯-২০২৫ জারি করে, যেখানে SoFED উক্ত পদের জন্য আবেদন করা প্রার্থীদের ১৫-০৯-২০২৫ তারিখের মধ্যে আবেদন প্রক্রিয়া ফি ফেরতের জন্য তাদের ব্যাংক বিবরণী জমা দেওয়ার জন্য অনুরোধ করে।

যাচাই করার পর দেখা গেছে যে মোট ০৪ (চার) জন প্রার্থী উক্ত পদে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করেছিলেন এবং তাদের মধ্যে মাত্র ০৩ (তিন) জন প্রার্থীই আবেদন প্রক্রিয়া ফি ফেরতের জন্য তাদের ব্যাংক বিবরণী জমা দিয়েছেন। টেলিফোনে যোগাযোগে, একজন প্রার্থী জানান যে তিনি আবেদন প্রক্রিয়া ফি ফেরত চান না এবং ব্যাংক বিবরণী শেয়ার করতে ইচ্ছুক নন।

তদনুসারে, SoFED Rs. 200/- (রুপি দুইশত মাত্র) হারে আবেদন ফি ফেরত দেওয়ার প্রক্রিয়া শুরু করেছে এবং তা ১০-১০-২০২৫ তারিখের মধ্যে অনুমোদন করিয়ে একই দিনে PNB ব্যাংক, G.B. বাজার শাখায় পাঠানো হয়েছে। সেই অনুযায়ী, ব্যাংক ১১-১০-২০২৫ তারিখে আবেদন ফি ফেরত দিয়েছে।

*****